

সিনিয়র রিপোর্টার | আন্তর্জাতিক | 23 April, 2025

ভারত নিয়ন্ত্রিত জম্মু কাশ্মীরের পাহালগামে গতকাল মঙ্গলবার ভয়াবহ সশস্ত্র হামলার ঘটনা ঘটে। এতে ২৬ জন নিহত হন। যাদের সবাই পর্যটক ছিলেন। পর্যটকদের পাশাপাশি স্থানীয় এক মুসলিম যুবকও প্রাণ হারিয়েছেন। যিনি সেখানে বেড়াতে যাওয়া মেহমানদের ঘোড়ায় চড়িয়ে জীবিকা নির্বাহ করতেন।

পাহালগামের বৈসারান তৃণভূমিতে এ হত্যাকাণ্ডের ঘটনা ঘটে। তবে হামলাস্থলে কোনো সাংবাদিককে যেতে দেওয়া হচ্ছে না বলে জানিয়েছেন ব্রিটিশ সংবাদমাধ্যম বিবিসির সাংবাদিক যোগিতা লিমায়ে। আজ বুধবার (২৩ এপ্রিল) তিনি সেখানে যাওয়ার জন্য রওনা দেন। কিন্তু পথের মাঝে তাদের আটকে দেওয়া হয়। তিনি বলেছেন, তারা এ মুহূর্তে ঘটনাস্থল থেকে ৬০ কিলোমিটার দূরে অবস্থান করছেন।

সেখানে নিরাপত্তারক্ষীরা নিরাপত্তা বেঁধে প্যার হয়ে কোনো সাংবাদিককে পাহালগামে যেতে দিচ্ছেন না। যদিও বেসামরিক মানুষের চলাচলে কোনো বাধা সৃষ্টি করা হয়নি।

এই সাংবাদিক জানিয়েছেন, ঘটনাস্থলের কাছে যেতে না দেওয়ায় আহতদের যে হাসপাতালে চিকিৎসা দেওয়া হচ্ছে সেখানেও তারা যেতে পারেননি।

তবে সাংবাদিকদের ওপর নিষেধাজ্ঞা আরোপের আগে কিছু সাংবাদিক গতকাল রাতে সেখানে চলে যেতে সমর্থ হন বলে জানিয়েছেন তিনি।

বিবিসি জানিয়েছে, কাশ্মীর সংঘাতপ্রবণ এলাকা হওয়ায় সেখানে সাংবাদিকতা করা আগে থেকেই কঠিন ছিল। এরপর পাঁচ বছর আগে যখন ভারতের জম্মু-কাশ্মীরের স্বায়ত্বশাসন বাতিল করে কেন্দ্রের সঙ্গে যুক্ত করা হয় তখন সাংবাদিকতা আরও কঠিন হয়ে পড়ে। এ মুহূর্তে সেখান থেকে স্বাধীন সাংবাদিকতা করা বেশ কঠিন।

ভারত কাশ্মীর জঙ্গি হামলা পাকিস্তান